

কপোতাক্ষ নদ

মাইকেল মধুসূদন দত্ত

সতত, হে নদ, তুমি পড় মোর মনে।  
সতত তোমার কথা ভাবি এ বিরলে;  
সতত (যেমতি লোক নিশার স্রুপনে  
শোনে মায়া-যন্ত্রধ্বনি) তব কলকলে  
জুড়াই এ কান আমি আন্তির ছলনে!-  
বহু দেশে দেখি যাছি বহু নদ-দলে,  
কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে?  
দুগ্ধস্রোতোরূপী তুমি জন্ম-ভূমি-স্তনে!  
আর কি হে হবে দেখা? - যত দিন যাবে,  
প্রজারূপে রাজরূপ সাগরেরে দিতে  
বারি-রূপ কর তুমি; এ মিনতি, গাবে  
বঙ্গজ-জনের কানে, সখে, সখা-রীতে  
নাম তার, এ প্রবাসে মজি প্রেম-ভাবে  
লইছে যে তব নাম বঙ্গের সঙ্গীতে!